লেন্স এশিয়া

১০ জুলাই, ২০২৫

# নির্বাচন ঠেকাতে চলছে নানা ষড়যন্ত্র: শামসুজ্জামান দুদু



শামসুজ্জামান দুদু; সংগৃহীত ছবি

নির্বাচন ছাড়া গণতন্ত্র প্রতিষ্ঠা সম্ভব নয়—এ কথা স্পষ্ট করে বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, নির্বাচনকে কেন্দ্র করে দেশে নানাধরনের ষড়যন্ত্র চলছে। বিশেষ করে নির্বাচন পেছানো ও ব্যাহত করার উদ্দেশ্যে 'সংস্কার', 'সংখ্যানুপাতিক ভোটব্যবস্থা'সহ নানা অজুহাত সামনে আনা হচ্ছে।

শুক্রবার (১১ জুলাই) জাতীয় প্রেসক্লাবে জাতীয়তাবাদী নবীন দল আয়োজিত প্রতিবাদ সভায় এসব কথা বলেন তিনি।

তিনি বলেন, "লন্ডনে প্রধান উপদেষ্টা ও তারেক রহমানের বৈঠকের মাধ্যমে একটি আস্থার পরিবেশ তৈরি হয়েছে। এই পরিস্থিতি ধরে রাখতে হলে এখনই নির্বাচনের নির্দিষ্ট তারিখ ঘোষণা করতে হবে। তবেই দেশের অস্থিরতা কমে আসবে।"

শাসক দল আওয়ামী লীগের ভবিষ্যৎ নিয়েও তিনি কঠোর মন্তব্য করেন। দুদু বলেন, "আওয়ামী লীগ নিজেরাই নিজেদের রাজনৈতিক মৃত্যু নিশ্চিত করেছে। আগামী ১০০ বছরেও তারা আর ঘুরে দাঁড়াতে পারবে না।"

LENS ASIA

সভায় বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মোয়াজ্জেম হোসেন আলাল বলেন, "জয়নুল আবেদিন ফারুকের ওপর হামলায় জড়িত দুই পুলিশ সদস্যকে পুরস্কৃত করেছিল আওয়ামী লীগ। বিরোধীদলীয় চিফ হুইপকে আঘাত করে মূলত সংসদের ওপরই হামলা করা হয়েছে।"

তিনি তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী মহিউদ্দিন খান আলমগীরকে গ্রেফতারের দাবি জানান এই ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করতে।